

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা-১২০৭

২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) কোর্সে ২য় রিলিজ স্লিপে ভর্তি বিজ্ঞপ্তি
তারিখ : ১৯/০৫/২০২৪ খ্রি:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমের রিলিজ স্লিপের মেধা তালিকা ১৯/০৫/২০২৪ খ্রি. তারিখ বিকাল ৪টায় প্রকাশ করা হবে। উক্ত ফলাফল SMS (nu<space>atmf<space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে একই দিন বিকাল ৪টা থেকে এবং ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) রাত ৯টা থেকে পাওয়া যাবে। উল্লেখ্য যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে ২য় রিলিজ স্লিপের মেধা তালিকা স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) অথবা মাস্টার্স প্রফেশনাল কোর্সে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত থাকলে তাকে অবশ্যই ২৩ মে ২০২৪ খ্রি. তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে ভর্তি বাতিল করতে হবে। অন্যথায় দ্বৈত ভর্তির কারণে শিক্ষার্থীর ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ২য় রিলিজ স্লিপের মেধা তালিকার ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করা হবে।


ক্রমিক	বিবরণ	তারিখ
১	২য় রিলিজ স্লিপে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশনে Masters (Regular) Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণের তারিখ:	১৯/০৫/২০২৪ থেকে ২৭/০৫/২০২৪
২	জাতীয় বিশ্ববিদ্যালয়ে ওয়েব সাইট থেকে ভর্তি ফরম পূরণ করার পর শিক্ষার্থীদেরকে কলেজের প্রশাসনিক ভবনের পশ্চিম পার্শ্বে বিষয় ভিত্তিক নির্ধারিত কাউন্টারে উপস্থিত হয়ে বিল সংগ্রহ করে কলেজ ক্যাম্পাসে অবস্থিত আইএফআইসি ব্যাংকের কালেকশন বুথে টাকা জমা দিয়ে (সরকারি ছুটির দিন ব্যতীত) ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। উপরোক্ত প্রক্রিয়ায় ভর্তির টাকা জমা দেয়ার তারিখ:	২০/০৫/২০২৪ থেকে ২৮/০৫/২০২৪


বিশেষ দ্রষ্টব্য: ভর্তি ফরম (জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে ডাউনলোডকৃত) ছাড়া কোন ক্রমেই ভর্তি হওয়া যাবে না।

☐ ক্যাম্পাসে উপস্থিত হয়ে ভর্তির সময় যে সকল কাগজপত্র জমা দিতে হবে :

- (ক) স্নাতক (সম্মান)/প্রিলিমিনারি টু মাস্টার্স পাসের রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র, ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র /সনদ ও প্রশংসাপত্রের ফটোকপি।
- (খ) সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজ ও ০১ (এক) কপি স্ট্যাম্প সাইজের রঙীন ছবি।
- (গ) মাস্টার্স (নিয়মিত) কোর্সের ভর্তি ফরম ও প্রাথমিক আবেদন ফরমের মূল কপি।
- (ঘ) দ্বৈত ভর্তি সংক্রান্ত অস্বীকারনামা এর মূল কপি।

☐ ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস চলছে।


21. 5. 2024
(অধ্যাপক নাজনীন আক্তার চৌধুরী)
অধ্যক্ষ
লালমাটিয়া সরকারি মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা-১২০৭।


২০/৫/২৪